**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যে রক্তের চাহিদা ও যোগানের মধ্যে সামঞ্জস্য রাখার লক্ষ্যে যুব সম্প্রদায়কে স্বতস্ফুর্তভাবে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন।**

**(২) আগরতলা পুর নিগমের চলতি অর্থবছরের বাজেট প্রস্তাব আজ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়েছে ।**

**(৩) সাংসদ কৃতি দেবী দেববর্মা বলেছেন, আজ সাব্রুম মহকুমার বিভিন্ন স্থান পরিদর্শন করেন।**

**(৪) রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন পেহেলগামে জঘন্য হামলার অপরাধী ও সমর্থকদের বিচারের আওতায় আনতে হবে।**

*******************************************

**CM–Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যে রক্তের চাহিদা ও যোগানের মধ্যে সামঞ্জস্য রাখার লক্ষ্যে যুব সম্প্রদায়কে স্বতস্ফুর্তভাবে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর এবং ত্রিপুরা রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদ আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি এই আহ্বান জানান। তিনি বলেন রাজ্যের প্রতিটি জেলাতে ব্লাড ব্যাংক রয়েছে। রাজ্য সরকার খুব শীঘ্রই মহকুমাগুলিতেও ব্লাড ব্যাংক স্থাপনের ব্যবস্থা করবে।

# # # # # # # # Byte–CM # # # # # # # #

উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্তে এবং পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা অঞ্জন দাস প্রমুখ। শিবিরে ৫০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*****************************

**AMC Budget :**

আগরতলা পুর নিগমের চলতি অর্থবছরের জন্য বাজেট প্রস্তাব আজ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়েছে। উল্লেখ্য, মেয়র দীপক মজুমদার গত ২৩শে এপ্রিল পুর নিগমের অধিবেশনে চলতি অর্থবছরের জন্য ৪৭৫ কোটি ৮৩ লক্ষ টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব করেন। এতে ঘাটতি দেখানো হয়েছে ৭২ লক্ষ ২ হাজার টাকা। মেয়র জানান, আগরতলা শহরকে নতুনভাবে সাজানোর উদ্যোগ চলছে। শহরকে পরিস্কার পরিচ্ছন্ন রাখা, যানজটমুক্ত ও ড্রেন পরিষ্কার রাখার ওপর আগরতলা পুর নিগম বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে। আজকের অধিবেশনে ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত ও কর্পোরেটরগণ উপস্থিত ছিলেন।

*****************************

**MP Visited Sabroom :**

সাংসদ কৃতি দেবী দেববর্মা আজ সাব্রুম মহকুমায় নির্মীয়মান স্থল বন্দর, মৈত্রী সেতু ও কালাপানিয়া পার্কটি পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন বিধায়ক মাইলাফ্রু মগ, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ। এরপর সাংসদ শ্রীমতি দেববর্মা সাব্রুম নগর পঞ্চায়েত কার্যালয়ে এক পর্যালোচনা বৈঠকে যোগ দেন। বৈঠকে সাব্রুমের মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, রুপাইছড়ি, সাতচাঁদ ও পোয়াংবাড়ি ব্লকের বিডিওগন উপস্থিত ছিলেন।

**************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মার্কশিট বিতরণের কাজ আজ থেকে শুরু হয়েছে। চলবে আগামীকাল পর্যন্ত। পর্ষদ সচিব ডঃ দুলাল দে আজ আকাশবানীকে একথা জানিয়েছেন। তিনি জানান, যে সমস্ত পরীক্ষার্থীরা তাদের উত্তরপত্র পুনর্মূল্যায়ন করতে চায় তার জন্য নির্দিষ্ট আবেদনপত্র পর্ষদের পোর্টালে দেওয়া আছে। পোর্টাল থেকে ডাউনলোডের পর সেই আবেদনপত্র পূরণ করে আগামী ৮ই মে-র মধ্যে নিজ নিজ স্কুলে জমা দিতে হবে। একজন পরীক্ষার্থী সর্বোচ্চ তিনটি বিষয়ের জন্য আবেদন করতে পারবে। স্কুল কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের পূরণ করা আবেদনপত্র আগামী ১৪ই মে-র মধ্যে পর্ষদে জমা দেবে। পুনর্মূল্যায়নের ফলাফল চলতি মাসেই প্রকাশ করা হবে। তাছাড়া বছর বাঁচাও পরীক্ষা আগামী জুলাই মাসের প্রথম সপ্তাহে শুরু হবে বলে পর্ষদ সচিব শ্রী দে জানিয়েছেন।

**************************

**Bikash Debbarma-Review Meeting :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মার পৌরোহিত্যে আজ মুঙ্গিয়াকামি আর.ডি. ব্লকে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের গৃহীত জনকল্যাণকামী প্রকল্পগুলি মুঙ্গিয়াকামি ব্লকে কিভাবে বাস্তবায়িত হচ্ছে তা বিস্তারিত পর্যালোচনা করা হয়।

*************************

**Visit :**

উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রকের সেকশন অফিসার শ্রী শচীন আজ ঊনকোটি জেলার পেঁচারথল ব্লকের অধীন দক্ষিণ ধনীছড়া এলাকা সফর করেন। তিনি সংশ্লিষ্ট এলাকার ভিলেজ কমিটির কার্যালয়ে বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে বৈঠক করেন। তিনি স্থানীয় স্কুল, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, রেশন শপ এবং প্রধানমন্ত্রী আবাস যোজনায় নির্মিত ঘর পরিদর্শন করেন। এলাকার নাগরিকদের সাথে মতবিনিময় করেন। পরিদর্শনকালে তাঁর সাথে

ছিলেন, ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, পেঁচারথলের B.D.O সাগর দেববর্মা প্রমুখ।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Putin :**

রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে কথা বলেছেন এবং পহেলগামে সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা করেছেন। টেলিফোনে কথোপকথনের সময়, শ্রী পুতিন নিরীহ প্রাণহানির জন্য গভীর সমবেদনা জানিয়েছেন এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে ভারতের প্রতি পূর্ণ সমর্থন প্রকাশ করেছেন। তিনি জোরালো ভাবে বলেন যে এই জঘন্য হামলার অপরাধী এবং তাদের সমর্থকদের বিচারের আওতায় আনতে হবে। সামাজিক মাধ্যমে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেছেন যে কথোপকথনের সময় উভয় নেতা ভারত ও রাশিয়ার মধ্যে বিশেষ এবং সুবিধাপ্রাপ্ত কৌশলগত অংশীদারিত্ব আরও গভীর করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রী মোদী বিজয় দিবসের ৮০তম বার্ষিকী উদযাপনে

রাষ্ট্রপতি পুতিনকে শুভেচ্ছা জানিয়েছেন এবং বছরের শেষের দিকে ভারতে অনুষ্ঠিতব্য বার্ষিক শীর্ষ সম্মেলনে তাকে আমন্ত্রণ জানিয়েছেন।

*************************

**Cuts off water flow :**

পহেলগাম সন্ত্রাসী হামলার পর পাকিস্তানের বিরুদ্ধে আরও একটি কঠোর পদক্ষেপ হিসেবে, ভারত চেনাব নদীর উপর বাগলিহার বাঁধ দিয়ে জলপ্রবাহ বন্ধ করে দিয়েছে। আকাশবাণী জম্মু সংবাদদাতা জানিয়েছেন যে সিন্ধু নদী থেকে এক ফোঁটা জলও প্রতিবেশী দেশটিতে যেতে না দেওয়ার সিদ্ধান্তের পর ভারত বাগলিহার বাঁধ থেকে পাকিস্তানে জলপ্রবাহ বন্ধ করে দিয়েছে। ঝিলাম নদীর উপর কিষাণগঙ্গা বাঁধেও ভারত একই ধরণের ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা করছে। উল্লেখ্য, গত ২২শে এপ্রিল পেহেলগামের বৈসরান উপত্যকায় সন্ত্রাসী হামলায় ২৬ জন অসামরিক নাগরিক নিহত হওয়ার পর ভারত কয়েক দশক ধরে চালু সিন্ধু জল চুক্তি স্থগিত করার সিদ্ধান্ত নেয়।

******************************

**TREDA Packege Story :**

উষ্ণায়নের হাত থেকে পৃথিবীকে রক্ষা করতে পুনঃ নবীকরণ শক্তি কে কাজে লাগানোর উপর জোর দিয়েছে কেন্দ্রীয় এবং রাজ্য সরকার। ২০৩০ সালের মধ্যে এক বিশেষ লক্ষ্যমাত্রা নিয়ে এগিয়ে যাচ্ছে দেশ ও রাজ্যগুলি। তারই অঙ্গ হিসাবে রাজ্য সরকার বিভিন্ন ক্ষেত্রে পুনর্নবীকরণযোগ্য শক্তি কাজে লাগিয়ে উন্নয়নের গতিকে ত্বরান্বিত করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। এই নিয়ে একটি প্রতিবেদন।

#########VC#########

******************************

**Marx Birthday :**

কার্ল মার্কসের ২০৮তম জন্মবার্ষিকী আজ আগরতলায় সিপিআইএম রাজ্য কার্যালয়ে উদযাপন করা হয়। কার্ল মার্কসের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান সিপিআইএম নেতা নারায়ণ কর, প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক প্রমুখ।

বিলোনিয়ায় সিপিআইএমের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে কার্ল মাক্সের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান, বিধায়ক দীপংকর সেন, সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক বিজয় তিলক প্রমুখ।

**************************

**Sushanta Chowdhury :**

ওয়াকফ সংশোধনী জনজাগরন অভিযানের অঙ্গ হিসেবে আজ মোহনপুরের গুরুকুল কমিউনিটি হলে সচেতনতা সভার আয়োজন করে বিজেপির মজলিশপুর মন্ডল কমিটি। এই সভায় পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী ওয়াকফ সংশোধনী আইনের স্বপক্ষে বক্তব্য রাখেন।

****************************

**Meeting :**

কৈলাশহরস্থিত ডিএম কনফারেন্স হলে আজ ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমার সভাপতিত্বে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জেলার অন্তর্গত বিভিন্ন ব্লকের বি.ডি.ও-গণ ও গ্রামোন্নয়ন দপ্তরের ইঞ্জিনিয়াররা উপস্থিত ছিলেন। বৈঠকে গ্রামোন্নয়ণে সরকারী প্রকল্পে বাস্তবায়ন বিষয় নিয়ে আলোচনা হয়।

***************************

**Foundation Day of TJSS :**

ত্রিপুরা তপশিলি জাতি সমন্বয় সমিতির ৪৪তম প্রতিষ্ঠা দিবস আজ আগরতলায় পালন করা হয়। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি রতন ভৌমিক, সাধারন সম্পাদক সুধন দাস প্রমুখ।

****************************

**Adibasi Congress Deputation :**

ককবরক ভাষা রোমান স্ক্রিপ্টে চালু করার দাবী জানিয়েছে প্রদেশ আদিবাসী কংগ্রেস। আজ আগরতলায় ত্রিপুরা আদিবাসী কংগ্রেস কমিটির চেয়ারম্যান শব্দ কুমার জমাতিয়ার নেতৃত্বে এক প্রতিনিধিদল এই দাবিতে শিক্ষা ভবনে ডেপুটেশন দেন।

***************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে ইউনাইটেড বি এস টি এবং কদমতলা যুব সংস্থার খেলাটি ১-১ গোলে ড্র হয়।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম, উত্তর, ঊনকোটি, ধলাই এবং খোয়াই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৬ ডিগ্রি সেলসিয়াস।

************************************